# Govt. of West Bengal
## Office of the Block Development Officer
## Singur Development Block, Hooghly
Block Mission Management Unit (BMMU)
SINGUR ANANDADHARA BLOCK OFFICE
Phone No.: 0332630 0018, e-mail: bdosingur.yahoo.co.in


পত্রাঙ্ক - ১২৫-/সিঙ্গুর                                                                 তারিখ : ০৭/ ৯/২০২৩

## বিজ্ঞপ্তি

এতদ্বারা হুগলী জেলার সিঙ্গুর ব্লকের মাইক্রো এন্টারপ্রাইজ ডেভলপমেন্ট প্রজেক্টের অন্তর্গত কমিউনিটি রির্সোসপারসন - এন্টারপ্রাইজ প্রমোশন (Community Resource Person- Enterprise Promotion)সংক্রান্ত পদের জন্য যোগ্য আনন্দধারা স্ব-সহায়ক দলের মহিলাদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।এই কাজে নিযুক্ত কোনো কর্মী কোনো মতেই সরকারি কর্মী হিসাবে গন্য হবেননা। নির্বাচিত প্রার্থীরা সিঙ্গুর ব্লকের মহাসংঘের মাধ্যমে নিযুক্ত হবেন এবং শুধু মাত্র সরকার নির্ধারিত সাম্মানিক ভাতা পাবেন। কোন কারণে প্রজেক্ট স্থগিত বা বন্ধ হয়ে গেলে তাদের দায়-দায়িত্ব নিতে সরকার বাধ্য থাকবেনা।

**পদের বিবরণএবংআবশ্যিকশর্তাবলী :-**

| ক্রমিক নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ০১ | আবেদন কারীর বয়স | **০১/০৯/২০২৩** তারিখে অবশ্যই ন্যূনতম বয়স ২৫বছর থেকে সর্বাধিক ৪৫ বছরের মধ্যে হতে হবে। |
| ০২ | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অবশ্যই স্নাতক (গ্র্যাজুয়েট) হতে হবে।কমার্স গ্র্যাজুয়েট অগ্রাধিকার পাবেন। গণিত ও ব্যবসা বোঝার যোগ্যতা থাকতে হবে। বেসিক কম্পিউটার ও স্মার্ট ফোন ব্যবহারের দক্ষতা থাকতে হবে। আবেদনকারীর কাছে যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ১ (এক) বছরের কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকতে হবে।বাংলা ভাষায় যোগাযোগের দক্ষতা থাকতে হবে। |
| ০৩ | বাসস্থান | আবেদনকারীকে সিঙ্গুর ব্লকের ১৬টি গ্রাম পঞ্চায়েতের যেকোন একটির – (আনন্দনগর, বাগডাঙ্গা ছিনামোড়, বলরামবাটি, বারুইপাড়া-পলতাগড় , বাসুবাটি , বেরাবেরি , বিঘাটি, বৈঁচিপোতা, বড়া, বোড়াই পহলমপুর, গোপালনগর, কামারকুন্ডু গোপালনগর দলুইগাছা, মির্জাপুর বাঁকিপুর, নসিবপুর, সিঙ্গুর-১ এবং সিঙ্গুর-২ ) কমপক্ষে দুই বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| ০৪ | কর্মক্ষেত্র | এই ব্লকে যেকোন গ্রামপঞ্চায়েতে ও জেলার যেকোনো MED ব্লকে কাজ করতে ইচ্ছুক থাকতে হবে।মাসে কমপক্ষে ১৫ দিন কাজ করতে ইচ্ছুক থাকতে হবে। |
| ০৫ | অভিজ্ঞতা | যে সকল আবেদনকারীর উদ্যোক্তা হিসেবে পূর্ব অভিজ্ঞতা আছে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৬ | প্রশিক্ষণ | সমস্ত প্রশিক্ষণ বাধ্যতা মূলক এবংপশ্চিমবঙ্গের যে কোন জায়গায় (আবাসিক) প্রশিক্ষণ হতে পারে। |

(খ) কমিউনিটি রির্সোসপারসন - এন্টারপ্রাইজ প্রমোশন (CRP EP) দের যে কাজগুলি করতে হবে:-

১. ব্যবসার ধারণা ও ব্যবসা বৃদ্ধির ধারণা দিতে হবে।
২. ব্যবসা প্রতিষ্ঠা/ বৃদ্ধিতে হাতে কলমে সহায়তা দিতে হবে।
৩. কার্যক্ষমতা মুল্যায়ন এবংব্যবসা বৃদ্ধির জন্য পরিকল্পনা তৈরী করতে হবে।

Block Mission Director
Anandadhara Block Office
BMMU, Singur
Hooghly

**Govt. of West Bengal**
**Office of the Block Development Officer**
**Singur Development Block, Hooghly**
Block Mission Management Unit (BMMU)
SINGUR ANANDADHARA BLOCK OFFICE
Phone No.: 0332630 0018, e-mail: bdosingur.yahoo.co.in

৪. যে কোনো উদ্যোগ শুরু করতে, চালিয়ে নিয়ে যেতে এবং উদ্যোগ টির বৃদ্ধিতে সহায়তা করতে হবে।
৫. উদ্যোক্তাদের প্রশিক্ষণ দিতে হবে।
৬. ব্যবসা এবং বিপণনের মধ্যে যোগ সূত্রস্থাপন করতে হবে।
৭. প্রয়োজনীয় উদ্যোম আধার/FSSAI/প্যান কার্ড/ জি এস টি তৈরী সুনিশ্চিত করতে হবে।
৮. সরকারের অন্যান্য মন্ত্রনালয় ও দপ্তরের স্কিমের সাথে যোগসূত্র স্থাপন করতে হবে।
৯. ব্যবসার খাতাপত্র হালনাগাদ সুনিশ্চিত করতে হবে।
১০. উদ্যোগ গুলি পরিচালন/দেখভালও অনুসরণ করবে বিশেষকরে দলগত উদ্যোগ।
১১. বীমা তৈরীতে সহায়তা করতে হবে।

(গ) CRP EP দের প্রশিক্ষণ:-
১ .CRP EP রা মাঠে কাজ করতে নামার আগে প্রশিক্ষণ সম্পূর্ণ করবে এবংযাদের প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়ার সার্টিফিকেট থাকবে তারাই সংশ্লিষ্ট মহাসংঘে কাজ করার যোগ্য বলে বিবেচিত হবে। সংশ্লিষ্ট মহাসংঘই CRP EP দের নিযুক্ত করবে।
(ঘ) CRP EP রা WBSRLM গাইডলাইন অনুযায়ী সংশ্লিষ্ট মহাসংঘ থেকে সাম্মানিক পাবে।

**<u>নির্বাচনপ্রক্রিয়া</u>**

- সকল আবশ্যিকশর্ত পূরণের সাপেক্ষে যোগ্য আবেদনকারীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে।প্রথমে লিখিত পরীক্ষা ৪০ নম্বরের।মৌখিক পরীক্ষা ১০নম্বরের।

**<u>বিশেষদ্রষ্টব্য</u>**

- সকল আবেদনপত্র অনলাইনেই জমা দেওয়া যাবে। লিখিত পরীক্ষার তারিখ যথা সময় বিজ্ঞাপিত হবে এবং পরবর্তী নির্দেশাবলী ও প্রবেশপত্র পাওয়ার জন্য আবেদনকারীনিকে নিয়মিতভাবে www.hooghly.nic.in ওয়েবসাইটটি দেখতে অনুরোধ করা হচ্ছে। লিখিত পরীক্ষায় ন্যূনতম ২৫ নম্বর না পেলে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা হবেনা। লিখিত পরীক্ষায় পাস করলে ও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোন নূন্যতম যোগ্যতা নির্ধারক নম্বর থাকবেনা। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করে প্যানেল চূড়ান্ত হবে। বিশেষ ক্ষেত্রে সরকারি আদেশনামা অনুসারে নির্বাচক মন্ডলীর অনুমোদন সাপেক্ষে ১:৩ অনুপাতে (শূন্যপদসংখ্যা: মৌখিক পরীক্ষায় আহ্বান পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা) মৌখিক পরীক্ষা নেওয়া হতে পারে। যদি কোন ক্ষেত্রে দেখা যায় দুই বা ততোধিক পরীক্ষার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর সমান, সে ক্ষেত্রে যার শিক্ষাগত যোগ্যতা বেশি তাকে অগ্রাধিকার দেওয়া হবে (সরকারি আদেশনামা অনুসারে)।

পার্থ বন্দ্যোপাধ্যায়
Block Mission Director
Anandadhara Block Office
BMMU, Singur
Hooghly

**Govt. of West Bengal**
**Office of the Block Development Officer**
**Singur Development Block, Hooghly**
Block Mission Management Unit (BMMU)
SINGUR ANANDADHARA BLOCK OFFICE
Phone No.: 0332630 0018, e-mail: bdosingur.yahoo.co.in

- ডাক যোগে প্রাপ্ত আবেদনপত্র কোনো মতে গ্রাহ্য হবেনা এবংঅনুরূপ সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- শুধু মাত্র অনলাইন মাধ্যমে জমা করা নির্ভুল ও সঠিক আবেদনপত্রের ভিত্তিতেই লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রদান করা হবে।
- লিখিত পরীক্ষার তারিখ যথা সময় বিজ্ঞাপিত হবে এবং প্রবেশ পত্রের মাধ্যমে পরীক্ষার্থীদের জানানো হবে।

**বাসস্থান সংক্রান্ত শর্তাবলী**

আধারকার্ড / ভোটার কার্ড এবং তৎসহ বাসস্থান সম্পর্কিত প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট এলাকার সাংসদ/ সভাপতি / বিধায়ক / সভাপতি পঞ্চায়েত সমিতি/ প্রধান গ্রাম পঞ্চায়েত / জেলা শাসক / অতিরিক্ত জেলা শাসক / মহকুমা শাসক / সমষ্টি উন্নয়ন আধিকারিক যে কোনো একজনের স্বাক্ষরিত শংসাপত্র (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে) হতেহবে।

**আবেদনসংক্রান্তনিয়মাবলীএবংআবেদনপত্রজমাদেওয়ারতারিখ**

- ০৭/০৯/২০২৩ তারিখ থেকে আবেদনপত্র জমা দেওয়া যাবে।
- আবেদন পত্র জমা দেবার শেষ তারিখ ২২/০৯/২০২৩।
- www.hooghly.nic.in এই ওয়েবসাইটে গিয়ে (Recruitment Section)আবেদন করতে হবে।
- কেবল মাত্র অনলাইনেই আবেদন পত্র জমা দেওয়া যাবে।
- আবেদন পত্র সম্পর্কিত যেকোনো তথ্য উপরোক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।
- আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি ভবিষ্যতে প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে।
- স্নাতক স্তরের সার্টিফিকেট আপলোড করতে হবে।
- বয়সের প্রমাণপত্রের জন্য মাধ্যমিক পরীক্ষার এডমিট কার্ড আপলোড করতে হবে।
- কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট আপলোড করতে হবে।
- বাসস্থানের প্রমাণপত্র আপলোড করতে হবে।
- আনন্দধারা স্বনির্ভরদলের সদস্যার প্রমাণপত্র হিসাবে NRLM পোর্টাল পেজের প্রিন্ট আউট সাথে রাখতে হবে।
- উদ্যোক্তা হিসেবে কাজের অভিজ্ঞতা যদি থাকেতার প্রমাণপত্র সাথে রাখতে হবে।

www.hooghly.nic.in এ আবেদন সংক্রন্ত নিয়মাবলী জানা যাবে এবং আবেদনপত্র জমা দেওয়া যাবে। উপযুক্ত প্রার্থীদের পরবর্তীতে পরীক্ষার অ্যাডমিট কার্ড এবং পরীক্ষার তারিখ এসএমএসের মাধ্যমে বা ইমেল এ জানিয়ে দেওয়া হবে।

**অফলাইনে বা অফিসে কোন রূপ আবেদনপত্র গৃহীত হবে না।**

সমষ্টি উন্নয়ন আধিকারিক
সিঙ্গুর উন্নয়ন ব্লক

Mission Director
Anandadhara Block Office
BMMU, Singur
Hooghly